

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৯/২০১৪

অভিযোগকারী : জনাব বিপ্লব কুমার কর্মকার
শহীদ স্মৃতি হল
বাংলাদেশ প্রকৌশল বিশ্ব বিদ্যালয়
পলাশী, ঢাকা।

প্রতিপক্ষ : ডায়না ইসলাম সিমা
জনসংযোগ কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ৩০-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব বিপ্লব কুমার কর্মকার তার আবেদনে জানান যে, ইতোপূর্বে তার দাখিলকৃত ৮৮/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক তথ্য সরবরাহ করা হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করায় প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ২৩-০৩-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ৩০-০৪-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব বিপ্লব কুমার কর্মকার ও প্রতিপক্ষ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডায়না ইসলাম সিমা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ কবির হোসেন শিকদার হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তার দাখিলকৃত ৮৮/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক তথ্য সরবরাহ করা হয়নি। তথ্য পেতে অভিযোগকারী পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি ১৯ মার্চ, ২০১৪ তারিখে অত্র কার্যালয়ে যোগদান করেছেন। পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বদলী জনিত কারণে তিনি বর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর দায়িত্বপালন করছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এর (চ),(ছ),(জ),(ঝ),(দ) এবং (ধ) অনুযায়ী কমিশন কর্তৃক গৃহীত মৌখিক পরীক্ষার নম্বর কোন প্রার্থীকে প্রদান করা যৌক্তিক কারণে সম্ভব নয়। এতে মৌখিক পরীক্ষার বোর্ডের দায়িত্ব পালনকারী পরীক্ষকগণের ব্যক্তিগত নিরাপত্তা ক্ষুণ্ণ হতে পারে মর্মে জানান। এছাড়া তথ্য কমিশনের ৮৮/২০১৩ নং অভিযোগের কোন লিখিত সিদ্ধান্ত পত্র না পাওয়ায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। সিদ্ধান্তপত্রের কপি পাওয়া গেলে এবিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।

০৬। তথ্য কমিশন অভিমত প্রকাশ করেন যে, বিসিএস এর মৌখিক পরীক্ষায় বোর্ডের দায়িত্ব পালনকারী পরীক্ষকগণের প্রদত্ত নম্বরের ফলাফল যৌথভাবে গড় করে প্রস্তুত করা হয়ে থাকে। পৃথকভাবে নম্বর জানানো হয়না বিধায় ব্যক্তিগত নিরাপত্তা ক্ষুণ্ণ হওয়ার কোন সম্ভাবনা থাকে না। তথ্য কমিশনের ৮৮/২০১৩ নং অভিযোগের লিখিত সিদ্ধান্তপত্র ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে বলে কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অবহিত করেন। সিদ্ধান্তপত্র না পেয়ে থাকলে আজকের মাঝে সরবরাহ করার জন্য কমিশন নির্দেশনা প্রদান করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শব্দান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, বিসিএস এর মৌখিক পরীক্ষায় বোর্ডের দায়িত্ব পালনকারী পরীক্ষকগণের প্রদত্ত নম্বরের ফলাফল যৌথভাবে গড় করে প্রস্তুত করা হয়ে থাকে বিধায় উক্ত তথ্য সরবরাহ করলে তথ্য অধিকার আইন অনুযায়ী ব্যক্তিগত নিরাপত্তা ক্ষুণ্ণ হবার সম্ভবনা থাকেনা। এছাড়া মৌখিক পরীক্ষার নম্বর সরবরাহের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এর (চ),(ছ),(জ),(ঝ),(দ) এবং (ধ) এর বিধানাবলী প্রযোজ্য নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং তার বিজ্ঞ আইনজীবী ৮৮/২০১৩ নং অভিযোগে কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ৮৮/২০১৩ নং অভিযোগের প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা প্রদান করা হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার